



বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া
১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(স্থাপিত : ১৭৮০)



website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ: ৩০/০১/২০২২ খ্রি.

সংশোধিত নোটিশ

কামিল (এম.এ) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর ফরম পূরণ সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর আওতাধীন সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর কামিল (এম.এ) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২০ এর (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, আংশিক ও মানউন্নয়ন) পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে তাদের ফরম পূরণ কার্যক্রম চলবে। উক্ত তারিখের মধ্যে সংশ্লিষ্ট ছাত্রদেরকে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।


অনিবার্য কারণ বশতঃ অনলাইনে ফরম পূরণ কার্যক্রম গ্রহণ করা হবে না।

উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২য় পর্বে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেনি তাদেরকে প্রথমে ২য় পর্বের ভর্তি/সেশন ফি'র নির্ধারিত টাকা ক্যাশিয়ারের নিকট জমা দিতে হবে। এরপর ফরম পূরণের কার্যক্রম যথারীতি সম্পন্ন করতে হবে।

নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, আংশিক ও মানউন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিয়মাবলী :

- ১। ১ম ও ২য় পর্বের পরীক্ষার্থীরা মাদ্রাসার নোটিশ বোর্ড থেকে তাদের রেজিস্ট্রেশন নম্বর ও সিরিয়াল নম্বর সংগ্রহ করবে।
- ২। রেজিস্ট্রেশন নম্বর ও সিরিয়াল নম্বর সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগের অফিস সহায়ক থেকে টাকা জমার রশিদ সংগ্রহ করবে।
- ৩। টাকা জমার রশিদ সংগ্রহ করে রশিদের উপর নাম, বিষয়ের নাম, ক্লাস রোল, শিক্ষাবর্ষ, ফরম পূরণ তালিকার সিরিয়াল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পিতা ও মাতার নাম এবং নিজের মোবাইল নম্বর (বাধ্যতামূলক) স্পষ্টাক্ষরে লিখবে। এরপর কমিটির সম্মানিত শিক্ষকের নিকট হতে টাকা জমার রশিদে স্বাক্ষর গ্রহণ করবে। স্বাক্ষর গ্রহণের পর ক্যাশিয়ারের নিকট নির্ধারিত টাকা জমা দিবে।
- ৪। কামিল ২য় পর্বের পরীক্ষার্থীদেরকে ২য় পর্বে ভর্তির রশিদ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

বি.দ্র : সকল তথ্য নির্ভুলভাবে পূরণ করতে হবে। অন্যথায় ফরম পূরণে জটিলতা সৃষ্টি হতে পারে।


(প্রবেক্ষক মোঃ আলমগীর রহমান)

আইডি নং-০৬০৪

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

ফোন : ০২-৫৮৬১০৫৭৭